



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



আইডিয়া শিরোনাম: নায়েমের প্রশিক্ষণার্থীদের অনলাইনে দিনকল সনদ প্রদান

সেবা প্রাপ্তির সমস্যা-

নায়েম পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণের অনেক সময় দিনকল সনদের জরুরি প্রয়োজন হয়। এই সনদ প্রাপ্তিতে প্রশিক্ষণার্থীগণকে অনেক সমস্যার সম্মুখীন হতে হয়।

সমস্যার বিবরণ:

তাদেরকে উপযুক্ত প্রমানসহ সনদ প্রাপ্তির জন্য কর্মস্থল হতে ছুটি নিয়ে নায়েমে মহাপরিচালক এর মাধ্যমে প্রশিক্ষণ শাখাতে আবেদন দাখিল করতে হয়। আবেদন দাখিলের পরে তাৎক্ষণিকভাবে তাঁদেরকে সনদ পত্র প্রদান করা সম্ভবপর হয়না। যারফলে ঐ সকল প্রশিক্ষণার্থীগণকে একাধিকবার কর্মস্থল থেকে ছুটি নিয়ে সনদ সংগ্রহের জন্য নায়েমে আসতে হয়। এরফলে তাঁদের পেশাগত দায়িত্ব পালন বাধাগ্রস্ত হয় এবং আর্থিক ব্যয়ের সম্মুখীন হতে হয়।

সমস্যা সমাধানের বিবরণ:


সমস্যার কথা বিবেচনা করে উক্ত সেবাকে সহজে প্রদানের প্রয়োজন অনুভব করা হয়। এক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণ অনলাইনে উপযুক্ত প্রমানক ও তথ্য সংযুক্তির মাধ্যমে দিনকল সনদের জন্য আবেদন করবে। আবেদন পত্রটি প্রমানকসহ গবেষণা ও তথ্যায়ন বিভাগের তথ্যায়ন কর্মকর্তা এর ই-মেইল: rafiquislam0102@gmail.com ঠিকানায় প্রেরণ করবে। তথ্যায়ন কর্মকর্তা আবেদন পত্রটি প্রশিক্ষণ ও বাস্তবায়ন শাখাতে অত্রায়ণ করবেন। প্রশিক্ষণ ও বাস্তবায়ন শাখা সমস্ত তথ্য ও দাখিলকৃত প্রমানক যাচাই করে দ্রুততম সময়ে দিনকল সনদ প্রদান ও প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে আবেদনকারীকে নূন্যতম নির্ধারিত ফি নায়েম স্বীকৃত বিকাশ/রকেট/নগদ এর মাধ্যমে প্রদান করতে হবে। এই ব্যয়টি শুধুমাত্র ডাক মারফত প্রেরণের ব্যয়ের সমপরিমান।

ফলাফল:

উক্ত প্রশিক্ষণার্থীগণ দেশ এবং বিদেশ থেকে সেবাটি নির্বিঘ্নে, সহজে ও পেশাগত দায়িত্ব পালন অক্ষুন্ন রেখে গ্রহণ করতে পারবেন।

সুফল বিবরণ (টি সি বি. হ্রাসকরণ):

পূর্বে প্রশিক্ষণার্থীগণকে এই ধরনের দিনকল সনদের জন্য কমপক্ষে ২-৩ বার অনুমোদিত কর্মস্থল ত্যাগের আদেশসহ ঢাকাস্থ নায়েমে আসতে হতো। কিন্তু এই প্রক্রিয়াতে প্রশিক্ষণার্থীগণ শূণ্য ভিজিট এবং বিনা খরচে দ্রুততম সময়ে দিনকল সনদ গ্রহণ করতে পারবেন।


২৫.০৪.২০২২

(প্রফেসর নাসরিন সুলতানা)

প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও আস্থায়ক

নায়েম ইগভর্ন্যান্স ও ইনোভেশন কমিটি